



## প্রেস বিজ্ঞপ্তি

### বরিশাল বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ এর মধ্যে সমরোতা স্মারক স্বাক্ষরিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৪ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) এর মধ্যে একটি সমরোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। অদ্য ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখ দুপুর ১২ টায় বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ এর উপাচার্য মহোদয়ের সভাকক্ষে এ স্মারক স্বাক্ষরিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শুচিতা শরমিন এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ এর মাননীয় উপাচার্য মেজর জেনারেল মোঃ মাহবুব-উল-আলম, বিএসপি, এনডিসি, এফডব্লিউইসি, পিএসসি, এমফিল, পিএইচডি এর উপস্থিতিতে উভয় প্রতিষ্ঠানের পক্ষে এ সমরোতা স্মারকে স্বাক্ষর করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ মনিরুল ইসলাম এবং বিইউপির রেজিস্ট্রার ব্রিগেডিয়ার জেনারেল মোঃ রাবির আহসান, এনডিসি, পিএসসি। একাডেমিক কার্যক্রম, প্রশিক্ষণ, গবেষণা, সাংস্কৃতিক কার্যক্রমসহ প্রশাসনিক বিভিন্ন বিষয়ে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে এ সমরোতা স্মারকটি স্বাক্ষরিত হয়। এর ফলে উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা, গবেষণা ও সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনার পথ আরো সুগম হবে। এ সময় অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন ড. মোহাম্মদ তানভীর কায়ছার, লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক এবং সহকারী প্রক্টর মারফত আক্তার।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৪-২০২৫

(মো. ফয়সল মাহমুদ)

উপ-পরিচালক

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়